

দাঁড়ায়। 1962 খ্রিস্টাব্দে দেখা দেয় কিউবা সংকট (Cuban Missile Crisis), যা দুই মহাশক্তিধর দেশকে যুদ্ধের মুখোমুখি করে। অবশ্য উভয় পক্ষেরই চিন্তাভাবনার পরিবর্তন ও সুবুদ্ধির উদয়ের ফলে এই যুদ্ধকে এড়ানো সম্ভব হয়।

### চতুর্থ পর্যায় (1962 থেকে 1969 খ্রিস্টাব্দ)

কিউবা সংকট যুদ্ধ ঘটাতে ব্যর্থ হলে ঠান্ডা যুদ্ধের পরিবেশে শান্তির বাতাস বইতে শুরু করে। কিউবা সংকট থেকে এ কথা স্পষ্ট হয়ে ওঠে যে, পারমাণবিক যুদ্ধ বিশ্বের সর্বনাশ ডেকে আনবে। এর ফলে এক পক্ষ অন্য পক্ষকে মানিয়ে নেওয়া এবং শান্তিপূর্ণ সহাবস্থানের নীতি গ্রহণ করে। এভাবে উভয় পক্ষই আন্তর্জাতিক শান্তিস্থাপনের এক নতুন দিশা দেখায়। 1963 খ্রিস্টাব্দে দুই মহাশক্তিধরের মধ্যে Limited Test Ban Treaty স্বাক্ষরিত হয়। এই চুক্তি ঠান্ডা যুদ্ধের বরফ গলাতে সাহায্য করলেও ভবিষ্যতে কোনো রাষ্ট্রই একে মেনে চলেনি। 1965 খ্রিস্টাব্দে ভিয়েতনামের ওপর মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক বোমাবর্ষণ, 1967 খ্রিস্টাব্দে আরব ও ইজরায়েলের মধ্যে সংঘর্ষ, 1969 খ্রিস্টাব্দে সংঘটিত বার্লিন সংকট প্রভৃতি ঘটনাপুলি 'ঠান্ডা যুদ্ধ'-এর সংকটকে বাড়িয়ে তোলে।

### পঞ্চম পর্যায় (1969 থেকে 1979 খ্রিস্টাব্দ)

1969 খ্রিস্টাব্দের পর থেকে দাঁতাত (Detente) বা বৈরিতার মন্দীভবন দেখা দেয়। এই পর্যায়ে কতকগুলি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হয়। যেমন—[1] সোভিয়েত ইউনিয়ন ও পূর্ব জার্মানির মধ্যে 1970 খ্রিস্টাব্দের 10 আগস্ট স্বাক্ষরিত হয় মস্কো-বন চুক্তি। এই চুক্তি দ্বারা ঠিক হয় জার্মানির বিরুদ্ধে বলপ্রয়োগ থেকে সোভিয়েত ইউনিয়ন বিরত থাকবে। [2] 1971 খ্রিস্টাব্দের আগস্ট মাসে বার্লিন সম্পর্কে মার্কিন যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন, ব্রিটেন ও ফ্রান্সের চুক্তি হয়। এই পর্যায়ে ঠান্ডা যুদ্ধ মার্কিন যুক্তরাষ্ট্রের দিক থেকে কিছুটা শিথিল হয়ে পড়ে। পশ্চিম এশিয়ার আরব দেশগুলি 1973 খ্রিস্টাব্দে সোভিয়েত ইউনিয়নকে সমর্থন করে এবং মার্কিন যুক্তরাষ্ট্রে তেল সরবরাহের ক্ষেত্রে অবরোধ সৃষ্টি করে। দক্ষিণ ভিয়েতনামে 1975 খ্রিস্টাব্দে মার্কিন মদতপুষ্ট সরকারের পতন ঘটে। আবার ইরানে 1979 খ্রিস্টাব্দে শাহ সরকারের পতন ঘটলে মার্কিন যুক্তরাষ্ট্র বিরত বোধ করে।

এই পর্যায়ে অস্ত্র হ্রাসের ব্যাপারে কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তি হল—[1] 1968 খ্রিস্টাব্দে 'পারমাণবিক অস্ত্র প্রসার রোধ চুক্তি' (NPT), [2] 1972 খ্রিস্টাব্দে SALT-I, [3] 1975 খ্রিস্টাব্দে SALT-III প্রভৃতি।

### ষষ্ঠ পর্যায় (1980 থেকে 1985 খ্রিস্টাব্দ)

কতকগুলি ঘটনা সত্ত্বেও দশকের শেষ দিকে নতুন করে দুই মহাশক্তিধর দেশের মধ্যে বিরোধকে ঘনীভূত করে তোলে। এই পর্যায়ে আফগানিস্তানের গৃহযুদ্ধের সুযোগে মার্কিন যুক্তরাষ্ট্র হস্তক্ষেপের চেষ্টা করলে সোভিয়েত ইউনিয়ন সেখানে শান্তি ফিরিয়ে আনার ব্যাপারে উদ্যোগী হয়ে পড়ে। আফগানিস্তানকে কেন্দ্র করে কতকগুলি ভুল বোঝাবুঝি ও জাতীয় স্বার্থের কারণে দুই বৃহৎ শক্তির মধ্যে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সোভিয়েত ইউনিয়ন বিশ্বজনমতের চাপে সৈন্য অপসারণ করলে তার শক্তি ক্রমশ শিথিল হয়ে পড়ে। পিটার ক্যালভোকোরেসি মনে করেন মিখাইল গর্বাচেভ 1985 খ্রিস্টাব্দে সোভিয়েত ইউনিয়নের প্রধানমন্ত্রী পদে আসীন হওয়ার পর থেকেই পরিস্থিতির বদল ঘটে। অনেকে মনে করেন, 1988 খ্রিস্টাব্দে আফগান যুদ্ধের পরিসমাপ্তি ঠান্ডা যুদ্ধেরও সমাপ্তি ঘটায়।

উপসংহার: মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জর্জ বুশ এবং সোভিয়েত ইউনিয়নের রাষ্ট্রপতি মিখাইল গর্বাচেভ 1990 খ্রিস্টাব্দের 2 জুন মাসে আনুষ্ঠানিকভাবে 'ঠান্ডা যুদ্ধ'-এর সমাপ্তির কথা ঘোষণা করেন। সোভিয়েত ইউনিয়ন 1991 খ্রিস্টাব্দে ভেঙে যায়। এর ফলে দীর্ঘ সাড়ে চার দশকের অর্থাৎ 45 বছর ধরে চলে আসা 'ঠান্ডা যুদ্ধ'-ও শেষ হয়ে যায়।